

Date: 20-11-2025**Time : 1.40 PM**

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR-এর কাজের অগ্রগতি খতিয়ে দেখতে আসা নির্বাচন কমিশনের প্রতিনিধি দলটি আজ মালদায় জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন। প্রতিনিধি দলের সদস্যরা গতকাল মুর্শিদাবাদের বহরমপুরে রাত্রিবাস করেন। তার আগে তারা সেখানে জেলা প্রশাসন, জেলার ERO এবং AERO-দের সঙ্গে প্রায় ৪ ঘন্টা বৈঠক করেন। এর আগে নদীয়ার কৃষ্ণনগরেও SIR-এর কাজের অগ্রগতি খতিয়ে দেখেন কমিশনের প্রতিনিধি দল।

এদিকে, আগামী বিধানসভা নির্বাচনের জন্য EVM-এর ফাস্ট লেভেল চেকিং কর্মশালা হবে আগামীকাল নিউ টাউনের তালকুটির কনভেনশন সেন্টারে। ওই কর্মশালায় এরাজ্য দায়িত্বপ্রাপ্ত সিনিয়র ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে কমিশনের প্রতিনিধি দলটি উপস্থিত থাকবেন।

এছাড়াও নির্বাচন কমিশনের সেক্রেটারি Madhusudan Gupta, Electronics Corporation of India Limited (ECIL) এর সিনিয়র ডেপুটি জেনারেল ম্যানেজার P.C. Mondal কর্মসূচীতে যোগ দিতে আজ রাতে কলকাতায় আসছেন। অন্যদিকে, বিধানসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে আলোচনা করতে আগামী শনিবার বৈঠকে বসছেন মুখ্যসচিব মনোজ পন্থ। মূলতঃ EVM নিয়ে জেলাশাসকদের সঙ্গে এই বৈঠক হবে।

সাংবিধানিক পদে থেকে তৃণমূল কংগ্রেস সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় রাজভবন ও রাজ্যপাল পদের যে মর্যাদা হানি করেছেন, তা কোনোভাবেই মেনে নেওয়া হবে না বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস আবারও স্পষ্ট জানিয়েছেন। আকাশবাণীকে এক একান্ত সাক্ষাৎকারে রাজ্যপাল গতকাল বলেন, সাংসদের ওই মন্তব্য ভারতীয় ন্যায় সংহিতার পাঁচটি ধারায় জামিন অযোগ্য অপরাধ।

(বাইট- রাজ্যপাল)

বনগাঁ পুরসভার চেয়ারম্যান পদে গোপাল শেঠের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবে সই না করায় কয়েকজন কাউন্সিলারের বাড়িতে চড়াও হওয়ার অভিযোগ উঠেছে দুর্ভুতীদের বিরুদ্ধে।

জানা গেছে, দু-নম্বর ওয়ার্ডের কাউন্সিলার শিখা ঘোষ এবং ওয়ার্ড সভাপতি উত্তম ঘোষের বাড়ি লক্ষ্য করে ছোঁড়া হয় ইট পাটকেল। কয়েকশ' বাইক নিয়ে এই হামলা চলে বলে অভিযোগ উত্তম ঘোষের। তৃণমূল কংগ্রেস কাউন্সিলার শম্পা মহন্ত-র বাড়ি লক্ষ্য করে গুলি চালানোর'ও অভিযোগ উঠেছে।

প্রসঙ্গত উল্লেখ্য, গতকাল বনগাঁ তৃণমূল কংগ্রেস জেলা কার্যালয়ে পৌরপ্রধান পদ থেকে গোপাল শেঠকে সরানোর জন্য দলীয় কাউন্সিলারদের একটি বৈঠক হয়। সেই বৈঠক থেকে পাঁচ জন কাউন্সিলার অনাস্থা প্রস্তাবে সহ না করে বেরিয়ে যান। এরপরই এই হামলা বলে জানা গেছে।

বিজেপি একে চেয়ারম্যান ও জেলা তৃণমূল সভাপতির গোষ্ঠীদ্বন্দ্বের ফল বলে অভিযোগ করেছে।

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমায় গোপালনগর গ্রাম পঞ্চায়েত এলাকার দুর্গাগোবিন্দপুরে গতরাতে দুষ্কৃতীরা বেশ কয়েকটি বাড়ি ও দোকানে আগুন লাগিয়ে দেয়। পাথরপ্রতিমার বিডিও-র গাড়ি এবং কয়েকটি বাইকেও অগ্নি সংযোগ করা হয়। খবর পেয়ে দমকেলের একটি ইঞ্জিন সেখানে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক উত্তেজনা রয়েছে। স্থানীয় বিধায়ক সমীর জানা সকালে এলাকা পরিদৃশ্যন করেন। দোষীদের উপযুক্ত শাস্তির দাবি জানান তিনি।

১৫ বছর পেরোনো বাণিজ্যিক যানবাহন চলাচল নিয়ে কলকাতা হাই কোর্টের রায়ের প্রেক্ষিতে পরিবহণ দফতর এই বিষয়ে নতুন গাইডলাইন প্রকাশ করেছে। দফতরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, সংশ্লিষ্ট গাড়ির ফিটনেস সার্টিফিকেট এবং দূষণ নিয়ন্ত্রণ শংসাপত্র বৈধ থাকলে ১৫ বছর পেরনো বাসও রাস্তায় চলতে পারবে। কলকাতা মহানগর এলাকায় নথিভুক্ত বাসগুলির ক্ষেত্রে ১৫ বছর পূর্ণ হওয়ার পর থেকে বছরে দু'বার ফিটনেস ও দূষণ পরীক্ষার বাধ্যবাধকতা থাকবে। মহানগর এলাকার বাইরে নির্বাচিত বাসগুলির ক্ষেত্রে বছরে একবার পরীক্ষাই যথেষ্ট হবে। বাস মালিক সংগঠন সিটি সাবাৰ্বান বাস সার্ভিসের সাধারণ সম্পাদক টিটো সাহা জানিয়েছেন, রাজ্য সরকারের এই সিদ্ধান্তে উপকৃত হবেন বাস মালিকরা। এতে রাস্তায় বাসের ঘাটতি অনেকটাই মিটবে বলে তাঁর মত।

শিশুর অধিকার রক্ষা নিয়ে আকাশবাণী এফএম বাংলা বিভাগ নির্মিত অডিও ডকুমেন্টারি 'ঝরা শৈশব' সম্মানিত হয়েছে রাজ্য সরকারের 'শিশুশ্রী' মিডিয়া অ্যাওয়ার্ডে। আন্তর্জাতিক শিশু অধিকার দিবসে মালদা জেলার দুর্গা কিংকর সদনে আয়োজিত এক অনুষ্ঠানে আকাশবাণী এফএম বাংলা বিভাগের হয়ে পুরস্কার গ্রহণ

করেছেন অনুষ্ঠান আধিকারিক শুভায়ন বালা। 'ঘরা শৈশব' শীর্ষক অডিও ডকুমেন্টারি মূলত শিশুর ওপর হওয়া শারীরিক ও মানসিক নির্যাতনের বাস্তব চিত্রকেই তুলে ধরেছে। আকাশবাণী কলকাতার ডেপুটি ডিরেক্টর জেনারেল (ইঞ্জিনিয়ারিং) এবং হেড অফ অফিস শ্রীমতি শুচিমিতা রায় বলেন, "এই সম্মান আবারও একবার প্রমাণ করে যে আকাশবাণী চিরকাল অর্থপূর্ণ কাজ করার প্রচেষ্টাই করে। হেড অফ প্রোগ্রাম, শ্রীমতি মিতালী দত্ত বলেন, "সাহস ও সহানুভূতির প্রতিফলন পাওয়া যায় এই কাজে'।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে।
জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং,
হগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।

এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।
